উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭- ৭১৬ (৪০)

তারিখ-০৭/০৭/২০২৪ খ্রিঃ।

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-১১/০৭/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ টায় উপজেলা পরিষদের জুলাই/২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আফছার আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্ত।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বিষয়ক আলোচনা।
৪। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে।
৫। বিবিধ আলোচনা।

০৭/০৭/২৪
(মোঃ তালিম সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏-০৫৩২৫-৭৩০০৯

প্রাপকঃ ..................................................

..................................................
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭-দিনাজপুর-২ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৫। অফিস কপি।

CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-৭১৩(৪০) তাং-০৭/০৭/২০২৩ খ্রিঃ।

| ক্রঃনং | নাম ও পদবী | মোবাইল নং | গ্রহণকারীর স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব খালিদ মাহ্‌মুদ চৌধুরী<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য-৭-দিনাজপুর-২<br>ও প্রতিমন্ত্রী নৌপরিবহন মন্ত্রানালয় | | |
| ০২. | জনাব মোঃ আফছার আলী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৩. | জনাব মোঃ আসলাম<br>মেয়র, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৪. | জনাব মুহাঃ রেদওয়ানুল কারীম রাবিদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৫. | জনাব লায়লা আখতার মোত্তালেব, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৬. | জনাব মোঃ শাহনেওয়াজ পারভেজ, চেয়ারম্যান, ১ নং নাফানগর ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৭. | জনাব উৎপল রায় বুলু, চেয়ারম্যান, ২ নং ঈশানিয়া ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৮. | জনাব মোঃ ওয়াক্কাস কাঞ্চন, চেয়ারম্যান, ৩ নং মুশিদহাট ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | 01774130282 | |
| ০৯. | জনাব মোঃ নুরুনবী চৌধুরী জামান, চেয়ারম্যান, ৪ নং আটগাঁও ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ১০. | জনাব মোঃ হাবিবুর রহমান হারু, চেয়ারম্যান, ৫ নং ছাতই ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ১১. | জনাব নিমাই চন্দ্র দেব শর্ম্মা, চেয়ারম্যান, ৬ নং রনগাঁও ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | ০১৭৪৬৮৭৭১৫৪ | |
| ১২. | | | |
| ১৩. | | | |

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

তাং-০৭/০৭/২০২৪ খ্রিঃ।

...ক নং- (৪০)

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01713813503 | [signature] ৭/৭/২০২৪ |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ৭/৭/24 |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ০৫. | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01734345165 | [signature] ০৭/07/24 |
| ০৭. | উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ০৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ০৭/৭/২০২৪ |
| ০৯. | অফিসার্স ইনচার্জ বোচাগঞ্জ থানা | | ভারতী ০৭/০৭/২৪ |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। | | [signature] |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ১৪. | উপজেলা বন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ৭/৭/২... |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| [illegible] | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ১৭. | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ৮/৭/২৪ |
| ১৮. | উপজেলা বরেন্দ্র কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ৮/০৭/২৪ |
| ১৯. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক , বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ৮/০৭-২৪ |
| ২০. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ৮/৭/২৪ |
| ২১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] ৮/৭/২৪ |
| ২২. | উপজেলা তথ্য আপা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ২৩. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফান্ডেশন, বোচাগঞ্জ, দিনাজপুর। | | [signature] ৮/৭/২০২৪ |
| ২৪. | আনজুয়ার ছিদ্দিকা | | [signature] ৮/৭/২৪ |
| ২৫. | অধ্যক্ষ ... কলেজ | | [signature] ৮.৭.২৪ |
| ২৬. | পল্লী বিদ্যুৎ অফিসার | | [signature] ৮/৭/২৪ |
| ২৬. | | | |
| ২৭. | | | |

## উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর জুলাই/২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ আফছার আলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ১১/০৭/২০২৪ খ্রিঃ।
সময় ঃ সকাল-১০.৩০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা 'খ' তে এবং উপজেলা পরিষদের ১৭ কমিটির পুনঃগঠন ও সভার আয়োজনের সিডিউল পরিশিষ্ট "গ"তে দেখানো হলো।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সকল সদস্যকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানান। সভায় চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সকল কর্মকর্তা-কর্মচারী ও ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা অভিনন্দন জানান।

জনাব মোঃ আফছার আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অদ্যকার সভার সভাপতি সকল সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি পরিষদের ন্যস্ত দপ্তর ও অন্যান্য দপ্তরসমূহকে জনগণকে সেবা দেওয়া ও একত্রে কাজ করার আহ্বান জানান। অতঃপর সভাপতি সভারকার্য পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>গত-১২/০৬/২০২৪ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ১১/০৭/২০২৪ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | গত-১২/০৬/২০২৪ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ১১/০৭/২০২৪ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | সভায় উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল দপ্তর প্রধানগণ। |
| ০৩. | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সম্পর্কিত আলোচনা ঃ<br>সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভাসমূহের কার্যক্রম নিয়মিত সভা করার জন্য দপ্তর প্রধানগণকে ও উপজেলা পরিষদকে কার্যকর করার লক্ষে ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে ১৭টি গঠিত স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি। |

উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ

| | | | |
|---|---|---|---|
| ০৪. | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ ১। ৬ষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর ১২ জুন/২০২৪ খ্রিঃ হতে জুন/২০২৪ মাসের সম্মানী ভাতা=৫৯,৫৩৩/-টাকা। ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর ১২ জুন/২০২৪ খ্রিঃ হতে জুন/২০২৪ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (৯ দিন×৬২৫)=৫,৬২৫/-টাক। ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর ১২ জুন/২০২৪ খ্রিঃ হতে জুন/২০২৪ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (০৯×৫০০)=৪,৫০০/-টাকা। ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর ১২ জুন/২০২৪ খ্রিঃ হতে জুন/২০২৪ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (৯×৫০০)=৪,৫০০/-টাকা। ৫। সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান এঁর ৫জুন/২০২৪ পর্যন্ত ৫দিনের সম্মানী ভাতা=৪,৫০০/- টাকা মাত্র। ৫। সাবেক উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এঁর ৫জুন/২০২৪ পর্যন্ত ৫দিনের সম্মানী ভাতা=৪,৫০০/- টাকা মাত্র। ৬। সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান এঁর জুন/২০২৩ হতে মে/২০২৪ পর্যন্ত ইন্টারনেট বাবদ বিল (১২×১,০০০)=১২,০০০/- টাকা। ৭। সাবেক উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এঁর জুন/২০২৩ হতেমে/২০২৪ পর্যন্ত ইন্টারনেট বাবদ বিল (১২×১,০০০)=১২,০০০/- টাকা | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | মাত্র। ৮। উপজেলা পরিষদ কার্যালয়ের জুন/২০২৩ হতে মে/২০২৪ পর্যন্ত ইন্টারনেট বাবদ বিল (১২X১,০০০)=১২,০০০/- টাকা মাত্র। ৯। উপজেলা পরিষদের পাজেরো জীপ গাড়ী নং-দিনাজপুর-ঘ-১১-০০৫৫ এর টুকি টাকি মেরামত বাবদ বিল=২৫,০০০/- টাকা মাত্র। ১০। উপজেলা পরিষদের পাজেরো জীপ গাড়ী নং-দিনাজপুর-ঘ-১১-০০৫৫ এর টুকি টাকি জ্বালানী তেলের বিল=১৭,৫০৮/-টাকা মাত্র। ১১। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "পানির লাইন মেরামত" খাত হতে ৪/১ নংপোকাটিক কোয়াটারের পানির লাইন ও পানির মালামাল ক্রয় বাবদ বিল=২৫,০০০/- টাকা মাত্র। ১২। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "অফিস সরঞ্জামাদি ক্রয়/মেরামত" খাত হতে উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার মেরামত ও মালামাল ক্রয় বাবদ বিল=২৫,০০০/-টাকা মাত্র। ১৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "অফিস সরঞ্জামাদি ক্রয়/মেরামত" খাত হতে উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টারের কম্পিউটার মেরামত ও বিভিন্ন মালামাল ক্রয় বাবদ বিল=২৫,০০০/-টাকা মাত্র। ১৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের (জাইকা) আওতায় ৪টি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল=৫৪,১৭৮/-টাকা মাত্র। ১৫। ১৪৩০ বাংলা সনের (২০২৩-২০২৪ অর্থ বছর) উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর =২৮,৪৮৫/-টাকা মাত্র। ১৬। ১৪৩০ বাংলা সনের ২০২৩-২০২৪ অর্থ বছরে হাট বাজার ইজারার পত্রিকায় প্রকাশের বিজ্ঞপ্তির বিল = ২৮,৪৮৫/- টাকা মাত্র। ১৭। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "অপ্রত্যাশিত" খাত হতে ফুটকিবাড়ী হাট হতে রনপীও ইউপি অফিস পর্যন্ত বক্সকালভার্ট মেরামত (কোটেশনের মাধ্যমে) বাবদ বিল=১,৯৯,৩৮৫/-টাকা মাত্র। ১৮। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "অপ্রত্যাশিত" খাত হতে ফুটকিবাড়ী হাট হতে রনপীও ইউপি অফিস পর্যন্ত বক্সকালভার্ট মেরামত (কোটেশনের মাধ্যমে) বাবদ বিল=২,৯৯,৫৭১/-টাকা মাত্র। ১৯। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "বর্জ্য ব্যবস্থাপনা" খাত হতে ৪নং আটগাঁও ইউপির ও ২নং ঈশানিয়া ইউপির বিভিন্ন স্থানে ডাসবিন স্থাপন (কোটেশনের মাধ্যমে) বাবদ বিল=১,০০,০০০/-টাকা মাত্র। | | |
| ০৫. | <u>উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ</u><br>সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সভায় উপস্থাপিত প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ,দিনাজপুর। |

"ছক"

| Sl. No | Name of Project | Total Schemes (Nos) | Completed Workes (Nos) | Running Workes (nos) | %Compleantion of Running Workes | Total Contract Amount (In Lacs) | Spent Amount (In Lacs) | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | IRIDP-3 | 8 | 4 | 4 | 51 | 515.48 | 190.77 | |
| 2 | RCIP | 1 | 0 | 1 | 98 | 1198.99 | 554.54 | |
| 3 | RDRIIP-2 | 16 | 15 | 1 | 98 | 3366.77 | 1346.70 | |
| 4 | TULO | 1 | 1 | 0 | 100 | 83.9 | 74.90 | |
| 5 | CBU | 1 | 0 | 1 | 75 | 368.34 | 181.11 | |
| 6 | RADARDP | 1 | 0 | 0 | 55 | 408.51 | 0 | |
| 7 | NBIDGPS-1(Add.Class Room) | 3 | 3 | 0 | 100 | 206.27 | 206.27 | |
| 8 | NBIDNNGPS-1(B/ Wall) | 1 | 1 | 0 | 100 | 28.92 | 8.00 | |
| 9 | PEDP-4(Add.Class Room Size-26'-0"X19'-6") | 8 | 8 | 0 | 100 | 621.37 | 621.37 | |
| 10 | PEDP-4(Add.Class Room Size-17'-4"x19"-6") | 2 | 2 | 0 | 100 | 111.42 | 111.42 | |
| 11 | PEDP-4 (Maint.) | 7 | 7 | 0 | 100 | 23.76 | 23.76 | |
| 12 | PEDP-4 (Major Maint.) 2022-23 | 1 | 1 | 0 | 100 | 10.45 | 0 | |
| 13 | PEDP-4(B/wall) | 9 | 9 | 0 | 100 | 89.7 | 86.72 | |
| 14 | PEDP-4 Maint.UEO | 1 | 1 | 0 | 100 | 5.73 | 5.72 | |
| 15 | SupRB | 3 | 0 | 3 | 100 | 9.68 | 0 | |
| 16 | GoB Maint.Road 20-21 | 4 | 4 | 0 | 100 | 365.88 | 365.88 | |

(চলমান পতা-২)

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 17 | GoB Maint.Road 21-22 | 2 | 0 | 2 | 88 | 322.44 | 0 | |
| 18 | GoB Maint.Road 22-23 | 2 | 0 | 2 | 20 | | | |
| 19 | CRMIDP | 1 | 0 | 1 | 80 | 308.47 | 209.84 | |
| 20 | UPAZILA COMPLEX | 1 | 0 | 1 | 73 | 468.12 | 149 | |
| 21 | VRRP(Maint) | 4 | 0 | 0 | 13 | 187.35 | 0 | |
| 22 | UTMIDP | 2 | 2 | 0 | 100 | 198.64 | 198.64 | |
| 23 | UGDP | 3 | 0 | 2 | 100 | 42.5 | 0 | |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, টেলি মেডিসিন সেবা চলছে। গত সপ্তাহে ২৮ রুগীকে দেখানো হয়েছে। আগামী ২২ তারিখে বিনা মূল্যে পোটেবল এক্সরে করা হবে। ৫ থেকে ৯ বছরের শিশুকে ভেকসিন দেওয়া হবে। টেলিমেডিসিন সেবা কেন্দ্র চালু হয়েছে। অত্র বোচাগঞ্জ বাসিকে সেবা গ্রহণ করার জন্য অনুরোধ জানান । যদি কোন কনসালটেন্টকে কেউ দেখাতে চান তাহলে যে কোন সময় দেখাতে পারবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মে/২০২৪ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৫,৫১৫ জন, গ্রহণকারী=২৯,৩১০ জন সি.এ.আর ৮২.৫৩% গর্ভবতী সংখ্যা=৭৯০ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধীকার ভিত্তিতে জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর । |

| ক্রঃনং | পদ্ধতির নাম | সেবা গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | ৭ জন | |
| ০২. | আইইউডি | ১৪ জন | |
| ০৩. | ইমপ্লান্ট | ৮৬ জন | |
| ০৪. | খাবার বড়ি (সুখী/আপন) | ৫৭৪ জন | |
| ০৫. | কনডম | ১৬৬ জন | |
| ০৬. | ইনজেকশন | ০০ জন | |
| ০৭. | গর্ভকালীন সেবা | ৩২১ জন | |
| ০৮. | ডেলিভারী সেবা | ০৪ জন | |
| ০৯. | প্রসবোত্তর সেবা | ১০৪ জন | |
| ১০. | শিশু সেবা (০-৫৯) | ৩৫৫ জন | |
| ১১. | সাধারন রোগী সেবা (পুরুষ+মহিলা) | ১,৪৯০ জন | |
| ১২. | পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) | ১,৫৫৭ জন | |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খরিপ/২ মৌসুমে রোপা আমন লক্ষ্যমাত্রা ১৬৫৮৫ হেক্টর আবাদ অর্জনের লক্ষ্যে রোপা আমন বীজ তলা ৮৫০ হেক্টর তৈরি করা হয়েছে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রোপা আমন আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১৬০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। আগামীতে খাদ্য ও পুষ্টির চাহিদা নিশ্চিতকরণ ও স্মার্ট কৃষি বিনিমার্ণের নিমিত্তে বিভিন্ন প্রকল্পের আওতায় ১২০টি সবজি ও ফল প্রদর্শনীর বিভিন্ন উপকরণ কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে এবং বাস্তবায়ন কার্যক্রম চলমান। মাঠ ফসলের রোগ দমনে ব্যবস্থা রক্ষায় কৃষকদের উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্তমানে সার, বীজ ও কীটনাশকের পর্যাপ্ত মজুদ রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ ভাবে ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৯. | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন খানা এবং গবাদি পশুর খামারে খুরা এবং লাম্পি স্কিন ডিজিজ রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং বিভিন্ন এলাকায় গবাদি পশুতে কুকুরের কামড়ে উপদ্রব ও বৃদ্ধি পেয়েছে। এসকল রোগ প্রতিরোধে গবাদি পশুতে প্রাণী সম্পদ অধিদপ্তর প্রদত্ত টিকা প্রদান করা হয়েছে যা পর্যাপ্ত নয়। এমতাবস্থায় বিষয়টি গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিষদ এর এডিপি বাজেট বরাদ্দ থেকে নিম্নলিখিত ছক | সভায় বিস্তারিত আলোচনান্তে, উল্লেখিত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৩)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মোতাবেক টিকা ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ প্রদান এবং আশু পদক্ষেপ নেওয়ার নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |

"ছক"

| ক্রমিক নং | রোগের নাম | টিকার নাম | প্যাক সাইজ | চাহিদা | প্রতি ভায়াল এর মূল্য(টিকা) | মোট মূল্য(টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | জলাতংক | Rabisin | ১ মিলি ভায়াল | ৭০০ ভায়াল | ১১৫/- | ৮০৫০০/- |
| ২ | ক্ষুরা | Aftovaxpur | ৫০মিলি ভায়াল | ৪০ ভায়াল | ৪৮৪০/- | ১৯৩৬০০/- |
| ৩ | লাম্পি স্কিন ডিজিজ | BovivaxLSD | ২০ মিলি ভায়াল | ৫০ ভায়াল | ২২৮০/- | ১১৪০০০/- |
| | | | | | মোট | ৩৮৮১০০/- |
| | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপজেলা মৎস্য দপ্তরঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় ২টি বিল নায়াটি স্থাপন করা হয়েছিলো, যার পোনা বিলে ছেড়ে দেওয়ার উপযুক্ত হয়েছে। এছাড়াও উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, এপ্রিল থেকে আগস্ট মাস পর্যন্ত দেশিও প্রজাতির সকল মাছের প্রজনন কাল। এর মধ্যে জুন জুলাই মাসে মাছ সব থেকে বেশি ডিম ছাড়ে। সুতরাং দেশিও প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধিতে কোথাও কেউ যেন কারেন্ট জাল, মশারি জাল, চায়না দুয়ারী জাল ব্যবহার না করে এবং বানা দিয়ে নদী, খালের গতিপথ বন্ধ করে মাছ শিকার না করে এজন্য সকলের সহযোগীতা একান্ত প্রয়োজন। এছাড়া দপ্তরের অন্যান্য কর্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | সভায় বিস্তারিত আলোচনান্তে, ২০২৩-২০২৪ অর্থ বছরে অত্র উপজেলায় ০২টি বিল নার্সারী স্থাপনসহ মৎস্য দপ্তরে সকল সরকারী কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিডাব্লিউবি কার্যক্রমঃ অত্র উপজেলার ৬টি ইউনিয়নের ২০২৩-২০২৪ অর্থ বছরের (জানুয়ারি/২০২৩ হতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিডাব্লিউবি কার্ড সংখ্যা ২,২৫৮টি। ছয়টি ইউনিয়ন ব্যবস্থাপক ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং সেতাবগঞ্জ শাখা, বোচাগঞ্জ, দিনাজপুর ১০ (দশ) টাকার হিসাব নং খোলা হয়েছে। ভিডাব্লিউবি জুন/২০২৪ হইতে চাল বিতরন চলমান। ২। মা ও শিশু ভাতা প্রদান কর্মসূচীর আওতায় বহুল প্রচার করে অনলাইনে মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থ বছরের ১নং নাফানগর ইউনিয়ন প্রতি মাসে ২০জন ২০X১=২০ জন, ২নং ঈশানিয়া ইউনিয়ন প্রতি মাসে ২০ জন, ২০X১=২০ জন, ৩নং মুশিদহাট ইউনিয়নে প্রতি মাসে ২০ জন ২০X১=২০ জন, ৪নং আটগাঁও ইউনিয়নে প্রতি মাসে ২০ জন ২০X১=২০ জন , ৫নং ছাতইল ইউনিয়নে প্রতি মাসে ২০ জন ২০X১=২০ জন ,৬নং রনগাঁও ইউনিয়নে প্রতি মাসে ২০ জন ২০X১=২০ জন বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নে জুন/২০২৪ পর্যন্ত পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে। ০৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে সেতাবগঞ্জ পৌরসভা মা ও শিশু ভাত কর্মসুচীর আওতায় প্রতি মাসে ৪০জন ৪০X১=৪০ জনের বরাদ্দ পাওয়া গেছে। জুন/২০২৪ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে। ৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২০২৫ অর্থ বছরে জুলাই/২০২৪ হতে সেপ্টম্বর/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞাণ) বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্দ্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২ (দুই) টি ট্রেডে জানুয়ারি/২০২৩ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ০২ (দুই) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের জন্য ১৭তম ও ১৮তম ব্যাচের ১। ক্রিস্টাল শো-পিচ ২। ফ্যাশান ডিজাইন কোর্সের কার্যক্রম মোট ৫০ জন প্রশিক্ষণার্থী কার্যক্রম শেষ হয়েছে নতুন করে প্রশিক্ষণার্থী ভর্তির নির্দেশনা পাওয়া যায় নাই।৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট=৭ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল প্রকার সরকারী কাজ কর্ম এবং জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় কার্যক্রম নিম্নের ছকে তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৪)

CamScanner

| ক্রনং | প্রকল্প/কর্মসূচীর নামা | সমিতি/ দল | তহবিল প্রাপ্তি | প্রবৃদ্ধি | মোট তহবিল | ক্রমঃঋণ বিতরণ | ক্রমপুঞ্জিত আদায় | মাঠে বকেয়া | আদায় হার | খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | আবর্তক কৃষি কর্মসূচী | ৩৪ টি | ৫৮.৪৮ | ৬.৪৮ | ৬৪.৯৬ | ৪১৪.৩১ | ৩৫৪.১৩ | ৬৬.৮১ | ১০০% | - |
| ২ | সদাবিক কর্মসূচী | ৭৩ টি | ৭৩.৫০ | ৫.৩২ | ৭৮.৮২ | ২৬৪.৫৪ | ১৮৮.৪১ | ৭৬.১৩ | ৭৬% | ৫৮.৫৫ |
| ৩ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৬ | ৩৫.৪৫ | ০.৮৬ | ৩৬.৩১ | ১০৩.০৭ | ৬৪.১২ | ৩৮.৯৫ | ৬৩% | ৩২.১২ |
| ৪ | কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচী | - | ৪.১৮ | ০.৩১ | ৪.৪৯ | ৯.০৬ | ৫.৬৪ | ৩.৪২ | ৭৫% | ১.৮৯ |
| ৫ | অপ্রধান শস্য প্রকল্প | - | ৬৬.৫ | - | ৬৬.৫ | ১৩৮.১২ | ৯১.৮০ | ৪৬.৩২ | ৬৭% | - |
| | সর্বমোট= | ৩২ | ৬০.০০ | ০.৩২ | ৬৬.০৫ | ১৯৯.৯৭ | ৬৬.৬৭ | ৩৩.৩০ | ১০০% | - |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরঃ<br>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৪. | উপজেলা সমাজসেবা দপ্তরঃ উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ পিয়ারুল ইসলাম সভায় জানান যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, ৪র্থ কিস্তির জিটুপি পদ্ধতিতে পেরোল প্রেরণ করা করা এবং ঈদের আগেই ভাতাভোগীগণ মোবাইলে টাকা পাবেন সভায় আলোচনা করেন। (২) পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ঋণ আদায় ও বিনিয়োগ এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে। (৩) আশ্রয়ণ প্রকল্পের (মুরারীপুর মুক্তিযোদ্ধা আবাসন) ঋণ আদায় সন্তোষজনক না হওয়ায় উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,দিনাজপুর মহোদয় পত্র প্রেরণ করেছেন বিধায় সভায় অবহিত করেন এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান মহোদয়কে এ ব্যাপারে সহযোগীতার আহবান জানান। (৪) ২০২৩-২০২৪ অর্থবছরে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত ৮টি বেসরকারী এতিমখানায় নিবাসীদের জন্য পৌর মেয়র/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান প্রদত্ত প্রত্যয়নপত্র সংরক্ষণ এবং নিবাসীদের ছবি সম্বলিত তথ্যসংশ্লিষ্ট এতিমখানার সভাপতি/সম্পাদক ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরিত জমাদানের বলা হয় এবং ২য় কিস্তির জানুয়ারি, ২০২৪ হতে জুন,২০২৪ অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বিল পাশ করা হবে বিস্তারিত আলোচনা করেন। (৫) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার/ কিডনী/ লিভার সিরোসিস/স্ট্রোকে প্যারালাইজড/ জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির ২০২৩-২০২৪ অর্থবছরের নতুন আবেদন গ্রহন চলমান আছে।(৬) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ক্ষুদ্র জাতিসত্ত্বা নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের দুঃস্থ/অসহায়/বয়স্ক/প্রতিবন্ধী ব্যক্তিদের এককালীন অনুদান, গরিব, দুঃস্থ অসহায় কর্মহীন ও প্রতিবন্ধীদের অনুদান এবং ভিক্ষুক পুনর্বাসনের জন্য বরাদ্দ পাওয়া যায়। সেমতে নীতিমালা অনুযায়ী উপকারভোগীর আবেদন জমাদানের জন্য ইউনিয়ন/পৌরসভায় পত্র প্রেরণ করা হয়েছে আলোচনা করেন। (৭) প্রতিব্যক্তিদের পরিচয়পত্রের জন্য অনলাইনে এবং নির্ধারিত ফরমে আবেদন আবেদন চলমান আছে। সেমতে উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির জরিপকৃত ফরম যাচাই-বাছাই পূর্বক আবেদনকৃতদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের পর পরিচয়পত্র প্রদান করা হবে প্রক্রিয়াধীন আছে আলোচনা করেন। (৮) রোগী কল্যাণ সমিতি, হাসপাতালসমাজসেবা কার্যক্রম,বোচাগঞ্জ, থাকায় অসহায় রোগীকে ঔষধ প্রদানের জন্য সহায়তা কার্যক্রম আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা রংপুর বিভাগে নগদ এর মাধ্যমে বিতরণের জন্য হিসাবখোলার কার্যক্রম চলছে। প্রয়োজনীয় কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৫. | উপজেলা বন দপ্তর ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১। বোচাগঞ্জ উপজেলার সংরক্ষিত বনভূমির পরিমাণ=১৮৪.৯৮ কিঃমিঃ। ২। সামাজিক বনায়নের আওতায় ষ্ট্রিপ বাগানের পরিমাণ=৯৭.০০কিঃ মিঃ। ৩। বোচাগঞ্জ উপজেলায় মোট ২৩টি করাত কল রহিয়াছে। তন্মধ্যে ১৯টির লাইসেন্স আছে বাকী ২টি প্রক্রিয়াধীন আছে। ৪। শীতমৌসুমে অতিথি পাখির এ অঞ্চলে আগমন ঘটে, যাতে অতিথি পাখিদের কেহ শিকার করতে না পারে সেই জন্য সকলকে সজাক থাকার অনুরোধ করেন। ৫। বর্তমানে বোচাগঞ্জ উপজেলায় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের গাছ কর্তন বিষয়ে আবেদনের মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ৫। উপজেলা পরিষদ চত্তরে সকল প্রকার গাছের ডালপালা কর্তন করার জন্য আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা বন কর্মকর্তাকে যথাযথ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |

(চলমানপাতা-৫-)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে ৬টি ইউনিয়নে মোট ১০৪ টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকুপ এবং৫২টি সাবমারসিবল পাম্প এর কাজ চলমান রয়েছে। ২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বোচাগঞ্জ উপজেলায় সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে Community Based Water Supply Scheme এর স্থাপিত ১৮টি নলকুপের কাজ চলমান রয়েছে। ৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় ঈশানিয়া ইউনিয়নের ঈশানিয়া গ্রামের মালীপাড়া মহল্লায় Pipe Water scheme With 02 nos Test Tubewell, 02 nos production well, 01 nos pump house, 01nos R.C.C Over Head Water Tank, Mechanical Works, Electrical Works, Pipe Line/Water Distribution Network etc নির্মাণ কাজ চলমান। ৪। বোচাগঞ্জ উপজেলায় স্যানিটেশন কভারেজ ৯৫.০২%। শতভাগ স্যানিটেশন কভারেজ অর্জনের লক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে। ৫। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ২০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৭. | উপজেলা সমবায় দপ্তরঃ ১। সমবায় সমিতি সংক্রান্তঃ অত্র উপজেলায় মে/২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৩৯টি। সমিতিগুলো সরকারি কোন প্রকার ঋণ/অনদান ছাড়া ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেস্ব অর্থায়নে ৭৫ জন বেকার যুবক/যুবতি কর্মী হিসাবে নিয়োগ দিয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ করা হয়েছে ২৫,৫৭,০০০/-টাকা । আদায় করা হয়েছে ১০,২১,০৩৯/-টাক। ঋণ আদায় কার্যক্রম চলমান এবং সরকারী রাজস্ব আদায় করা হয়েছে ৩২,৫১০/-টাকা। সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ২,৬১,৩১২/-টাকা। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, এত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৮. | উপজেলা শিক্ষা দপ্তরঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় সঃপ্রাঃবিঃ ১৩২টি, প্রধান শিক্ষক ১৩২টি, কর্মরত-১১২ জন শুন্য-২০ টি, সহকারী শিক্ষক পদ-৬৬১টি কর্মরত ৫৮২ জন, শুন্য ৭৯ জন। উপজেলা সহকারী শিক্ষা অফিসারে পদ ৫টি ৫জন আছেন। তিনি আরও জানান যে, গত ০১ জুলাই ২০২৪ খ্রিঃ যোগদান করেছেন। এ উপজেলায় প্রতিমাসে ০৬ জন কর্মকর্তা মিলে মোট ৫৫টি বিদ্যালয় পরিদর্শন করা হয়। অর্থাৎ গড়ে প্রতি তিন মাসে ০১ বার কওে প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করা হয়। সভায় সকল দপ্তর প্রধানকে উপজেলা শিক্ষা অফিসার অনুরোধ করেন যে, আপনারা আপনাদেও দাপ্তরিক কাজে যখন বাইরে যাবেন তখন কোন সরকারী প্রাথমিক বিদ্যালয় সামনে পড়লে অবশ্যই বিদ্যালয়ে পর্দাপন করবেন এবং সার্বিক বিষয়ে খোজখবর নিবেন। আপনার যদি নিয়মিত বিদ্যালয়ে গমন করেন তাহলে আমাদের শিক্ষকরা শিশুদের পাঠদানে অনেক বেশি মনোযোগী হবেন এবং শিশুরা আপনাদের দেখে লেখাপড়ার প্রতি আরোবেশী মনোযোগী ও উৎসাহী হবেন বলে আমি মনে করি। তিনি আরো বলেন যে, মোসাম্মৎ শাম্মী আক্তার, পিতা- মোঃ বাবলু, মাতা- মোছাঃ সালেহা বেগম, শ্রেণী: ৩য়, সহষপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর শিশুটি পানিতে ডুবে মৃত্যুবরণ করেছেন। তিনি শিশুটির আত্মার মাগফেরাত কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সঠিকবাবে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। চলমান শৈত্য প্রবাহের কারণে প্রাথমিক বিদ্যালয় সমূহের শ্রেণি পাঠদান সর্ত সাপেক্ষে স্থগিত করার বিষয়টি ব্যপক প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে গত-০৯/১২/২০২৩ খ্রিঃ থেকে ছাত্রীদের বার্ষিক পরীক্ষার পরিবর্তে সামাজিক মূল্যায়ন করা হবে। মাধ্যমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদেরকে বিনামূল্যের যে পাঠ্যবই প্রদান করা বই এসে পৌছেছে। সরকার প্রদত্ত বিনামূল্যের সব বই আমরা ডিসেম্বর মাসের মধ্যেই শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে প্রদান করবো। হয় তা গত-অক্টোবর থেকে আসা শুরু হয়েছে। এ পর্যন্ত প্রায় ১০০% বিনামূল্যের বই কিতরন করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২০. | উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঘ.১. চলতি মাসে ঋণ বিতরণ হয়নি। শুধুমাত্র ঋণ আদায় ছক মোতাবেক দেখানো হল। | সভায় বিস্তারিত আলোচনান্তে, দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুনিজত |
|---|---|---|---|
| ১.১ | মোট বরাদ্দ | ------- | ৩৩৩৮৮০০/- |
| ১.২ | মোট বিতরণ | ------- | ৩৩৩৫৭৬০০/- |
| ১.৩ | আদায় যোগ্য | ২১৭৬০৯/- | ৩০৩২৩৫৪২/- |
| ১.৪ | আদায়কৃত | ২১৭৬০৯/- | ২৮৮৩২১০৩/- |
| ১.৫ | আদায়ের হার | ১০০% | ৯৫% |
| ১.৬ | ঋণীর সংখ্যা | ------- | ১৪২ জন |
| ১.৭ | ঋণ খেলাপী | ------- | ১৪৮৭২৬৯/- |
| ১.৮ | প্রশিক্ষণ | ------- | ১০৬৫৯ জন |
| ১.৯ | আত্মকর্ম | ------- | ১২৬৭৫ জন |
| ১.১০ | সংগঠন রেজিষ্টেশন | ------- | ৩৪টি |
| ১.১১ | জাতীয় যুব পুরুস্কার | ------- | ০২ জন |
| ১.১২ | একক পুরুস্কার | ------- | ০৭ টি |

গ. কর্মসুচিঃ ২. পরিবার

| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুনিজত |
|---|---|---|---|
| ২.১ | মোট বরাদ্দ | ------- | ১১৩০৪০০০/- |
| ২.২ | মোট বরাদ্দ | ------- | ১০৫৩৮৪০০০/- |
| ২.৩ | আদায় যোগ্য | ১০৩৮০০/- | ১০২১৮২২১৪/- |
| ২.৪ | আদায়কৃত | ১০৩৮০০/- | ৯২৫৩৫৫৭২/- |
| ২.৫ | আদায়ের হার | ১০০% | ৯০.৪৬% |
| ২.৬ | ঋণীর সংখ্যা | ------- | ১৬৯৬৮ জন |
| ২.৭ | ঋণ খেলাপী | ------- | ৯৬৪৬৬৪২/- |

গ. কর্মসুচিঃ ৩. জোরদারকরণ প্রকল্প (বর্তমানে বন্ধ)

| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুনিজত |
|---|---|---|---|
| ৩.১ | মোট বরাদ্দ | ------- | ৪০০০০০/- |
| ৩.২ | মোট বিতরণ | ------- | ২০০০০০/- |
| ৩.৩ | আদায় যোগ্য | ------- | ২০০০০০/- |
| ৩.৪ | আদায়কৃত | ------- | ২০০০০০/- |
| ৩.৫ | আদায়ের হার | ------- | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| ২১. | উপজেলা আনসার ভিডিপিঃ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও বলেন যে আনসার সদস্যগণ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ডিউটি করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২২. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৩. | উপজেলা পরিসংখ্যান দপ্তর ঃ সভায় জানান যে, ১০ বছর পর পর আমরা সুমারী করি। এবার অর্থনিতি সুমারী শুরু হবে নভেম্বর মাসে। জিডিপির ৩টি খাত রয়েছে। খাতগুলোতে কতগুলো জনবল রয়েছে তা গননা করা। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ এবং অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৭)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৪. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধিত ২০০৯ ও ২০১১) এর ধারা ২৯ অনুযায়ী প্রতিটি উপজেলা পরিষদের নির্বাচন পরবর্তী ১৭টি উপজেলা কমিটি গঠনের বিধান রয়েছে। তাই ১৭টি উপজেলা কমিটি গঠন ও ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যানের মধ্যে ১৭টি কমিটির সভাপতির পদ বিভাজন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অনুরোধ করেন। অতঃপর বিষয়টি আলোচনা করা হয় এবং ১৭টি কমিটি অনুমোদন এবং কমিটি সমূহ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের মধ্যে বিভাজন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>বোচাগঞ্জ উপজেলা পরিষদের ১৭ উপজেলা কমিটির সভা আয়োজনের বিস্তারিত বিবরণ ঃ উপজেলা পরিষদ সংশোধিত আইন ২০১১ অনুযায়ী প্রতিটি উপজেলা কমিটি দুই মাস অন্তর অন্তর কমপক্ষে ১টি বছরে ৬টি সভা আয়োজন করবেন। তবে বিশেষ প্রয়োজনে আরো সভা আয়োজন করতে পারবেন। উপজেলা পরিষদের সভায় আলোচনা সাপেক্ষে বোচাগঞ্জ উপজেলা পরিষদের ১৭ কমিটির সভা আয়োজনের সিডিউল (মাস ও বার) চুড়ান্ত করা হয়েছে। বিধি মোতাবেক নিম্নোক্ত সিডিউল (বার ও মাসের নাম) অনুয়ায়ী ১৭ কমিটির সভা আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। উল্লেখ যে, ১৭টি কমিটির সভা আয়োজন ও কার্যবিবরনী প্রস্তত করনে প্রয়োজনে সহযোগিতা প্রদান করবেন ইউজিডিপি প্রকল্পের ইউডিএফ এস এম জসীম উদ্দিন।<br>ইউডিএফ সভায় আরও জানান যে, বিস্তারিত পরিশিষ্ট "গ" তে দেখানো হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপরোক্ত সিডিউল মোতাবেক সভা আয়োজন করে সভার ডকুমেন্টস (নোটিশ,রেজুলেশন,উপস্থিতিসীট) বিধি মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের চেয়ারম্যানের দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মাসের নির্ধারিত বার সরকারী ও সাপ্তহিক বন্ধ থাকলে কমিটির সদস্যগন আলোচনা সাপেক্ষে পূর্ববর্তী অথবা পরবর্তী সুবিধাজনক সময়ে সভা আয়োজন করার এবং জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। ১৭টি কমিটির সভার সিডিউল পরিশিষ্ট "গ" তে দেখানো হলো। | উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৫. | সহকারী প্রোগ্রামারের কার্যালয়ঃ সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলার সকল দপ্তর প্রধানগণ যদি নিজনিজ দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখে তাহলে অত্র উপজেলার সকল মানুষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জরুরী সেবা পাবেন তাই সকল দপ্তর প্রধানগণকে ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার জন্য সভায় অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| ২৬. | ইউনিয়ন পরিষদ চেয়াম্যানগণ সর্ম্পকিত আলোচনা ঃ চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, পরিসংখ্যান অফিসের সকরক তথ্য সঠিকভাবে জানানো। এবং অত্র বর্ষাকালে অত্র ইউনিয়নের কাচা রাস্তাগুলি জনসাধানের চলাচলে উপযোগী করা। এবং অন্যান্য কাজগুলি সমন্বয় করে বা আলোচনার মাধ্যমে নিরসন করা যায়।<br>চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইনউনিয়নে ২৫টি বাড়ির একটি আবাসন রয়েছে আবাসনটি সংস্কার করা প্রয়োজন। এবং ডেলিভারি সেন্টারটি ভালোভাবে চালু রাখা।<br>চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, লাম্পি রোগে গরু মারা যাচ্ছে তাই এই রোগ নিরাময়ের জন্য প্রাণী সম্পদ কর্মকর্তার দৃষ্টি আর্কষণ করেন। কারন এই রোগে যে সব প্রাণী মারা যাচ্ছে সবগুলোই গরীব অসহায় খেটে খাওয়া মানুষদের। এবং বর্ষাকালে অত্র ইউনিয়নের কাচা রাস্তাগুলি জলাবদ্ধতা সৃষ্টি হওয়ার কারনে জনসাধানের চলাচলে উপযোগী করা।<br>চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, হাট মাধবপুর সংলগ্ন ১টি সুইচ গেট আছে সুইচ গেটটি সংস্কারের অভাবে অকেজ হয়ে আছে। সুইচ গেটটি সংস্কার করা হলে অত্র এলাকার জনগন উপকৃত হবে।<br>চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, কুকুরাডাঙ্গী নামে একটি গ্রাম রয়েছে গ্রামটির উপর দিয়ে টাঙ্গন নদি বয়ে গেছে। গ্রামটির উপর দিয়ে নদি বয়ে যাওয়ার কারনে গ্রামটি বিলিন হওয়ার পথে। তাই ইতোমধ্যে চেয়ারম্যান উপজেলা পরিষদ এবং দিনাজপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী পরিদর্শন করেছেন।<br>চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়নে অনেক কাচা রাস্তা রয়েছে যা বর্ষাকালে জলাদ্ধতা হয়ে কাদা পানির সৃষ্টি হয়ে জনসাধারণে চলাচলের অনুপযোগী হয়ে পরেছে। তাই রাবিশ দিয়ে চলাচলের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপলেলার সকল প্রকার সজস্বার্থে কাজসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণ, উপজেলা নির্বাহী অফিসা এবং চেয়ারম্যান উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৮)

| | | | |
|---|---|---|---|
| ২৭. বিবিধ (ক) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, আগামী ১৫ আগষ্ট/২০২৩ "সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মাহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে প্রতিবারের ন্যায় এবারও উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "জাতীয় দিবস উৎযাপন" খাত হতে অফিসে ঝুলানোর জন্য ডিজিটল ব্যানার ও ডিজিটল ব্যনার সম্বলিত একটি গেট স্থাপন করার জন্য সভায় আহবান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আগামী ১৫ আগষ্ট/২০২৩ স্বাধীনতার মাহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে প্রতিবারের নেয় এবারও উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "জাতীয় দিবস উৎযাপন" খাত হতে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৭. বিবিধ (খ) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং ক্রমিকের (ণ)নং অনুচ্ছেদে "যানবাহন মেরামত" খাতে এক অর্থ বছরে সর্বচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "যানবাহন মেরামত" খাত হতে ২(দুই)টি বিল ভাউচারের মাধ্যমে (২৫,০০০+২৫,০০০)=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার উপজেলা পরিষদ জীপ চালকের আবেদনপত্র অনুযায়ী পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ- ১১-০০৫৫ এর জনস্বার্থে মেরামত ও সার্ভিসিং এর জন্য গত-১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে আবেদনপত্র দাখিল করেছেন। আবেদনপত্রটি সভায় পর্যালোচনা করে দেখা যায় যে জনস্বার্থে জরুরীভাবে পাজেরো জীপগাড়ীটি মেরামত ও সার্ভিসিনং সম্পাদনের নিমিত্ত সকল সদস্যগণ প্রস্তাব রাখেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ-১১-০০৫৫ এর মেরামত ও সার্ভিসিং বাবদ (২৫,০০০+ ২৫,০০০)= ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৭. বিবিধ (গ) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, ০১। হাট মাধবপুর তুলাই নদীর উপরে নদী ভাঙ্গনের স্লোপ প্রটেকশন এর কাজ অত্যান্ত ধীরগতিতে চলার করনে আরও অন্যান্য জায়গায় ভাঙ্গনের সৃষ্টি হয়েছে।<br>০২। টাঙ্গন নদীর উপরে ৫নং ছাতইল ইউনিয়নের কুকুরাডাঙ্গী মৌজার কুকুরাডাঙ্গী আবাসন পয়েন্টে একটি বড় ভাঙ্গন হওয়ায় আবাসনটি হুমকির মুখে পরেছে। যা অত্যান্ত জন গুরুত্বপুন্য এবং পদক্ষেপ নেওয়া জরুরী। তিনি আরও বলেন যে বাচেন মেম্বারের বাড়ির সামনে টাঙ্গন নদির কারণে গ্রামটি বিলিন হয়ে যাবে। তাই দ্রুত জনস্বার্থে ব্যবস্থা নেওয়া প্রয়োজন। ১নং ইউনিয়নের ৬টি কালভাট গত বছরে ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। এবং ২নং ঈশানিয়া ইউনিয়নে এবং ১নং নাফানগর ইউনিয়নে ডেলিভারি সেন্টার রয়েছে। ডেলিভারি সেন্টার ২টি চালু রাখার জন্য আহবান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, হাট মাধবপুর তুলাই নদীর উপরে নদী ভাঙ্গনের স্লোপ প্রটেকশন এর কাজ ও মৌজার কুকুরাডাঙ্গী আবাসন পয়ন্টের কাজ এবং অন্যান্য জনস্বার্থের কাজ দ্রুততার সাথে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | পানি উন্নয়ন বোর্ড , দিনাজপুর। |

এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের উপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভাপতি মহোদয়কে সভা সমাপ্তি ঘোষণার জন্য অনুরোধ করেন।

অত্র সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ আফছার আলী, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অত্র উপজেলাবাসীর কল্যাণে ও দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক একনিষ্ঠভাবে জনগণের কাজ করার আহ্বান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আফছার আলী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
মোবাইলঃ-০১৭১৭-২৮৯৯২৭।

CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৭৩২(৪০) তারিখ ঃ ১১/০৭/২০২৪ খ্রিঃ।

ক্রঃনং অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৬। মেয়র, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৯। উপজেলা.................................................................................কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর।
১১। চেয়ারম্যান........................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
১২। সভাপতি/সম্পাদক, বোচাগঞ্জ প্রেসক্লাব।
১৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। অফিস কপি।

১১/০৭/২৪
(মোঃ ডালিম সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏০২৫৮৯৯২৮৮৬৫।
unobochaganj@mopa.gov.bd

CamScanner